

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

প্রশাসন শাখা

গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলী রোড, ঢাকা।

www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৭.১০২

তারিখ: ৯ আশ্বিন ১৪২৯

২৪ সেপ্টেম্বর ২০২২

বিষয়: মাদ্রাসার এমপিও শীটে পদবী ও বিষয় সংযোজন/সংশোধনের নিমিত্ত মাদ্রাসা ভিত্তিক আবেদন দ্রুত প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এমপিওভুক্ত মাদ্রাসাসমূহের এমপিও শীট পর্যালোচনায় দেখা যায়, অধিকাংশ শিক্ষক কর্মচারীর পদবী ও বিষয় উল্লেখ নেই। লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন মাদ্রাসা থেকে এমপিও শীটের পদবী ও বিষয় বিহীন সকল শিক্ষক/কর্মচারীর আবেদন একত্রে প্রেরণ না করে ভিন্ন ভিন্ন ভাবে পদবী ও বিষয় সংযোজন/সংশোধনের আবেদন মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করা হয়, যা অনভিপ্রেত। ফলে একই মাদ্রাসার ভিন্ন ভিন্ন সময়ে দাখিলকৃত আবেদন নিষ্পত্তি করতে একদিকে সময়ের অপচয় হয়, অন্যদিকে এমপিও শীটের পদবী ও বিষয় বিহীন সকল শিক্ষক/কর্মচারীর সংযোজন/সংশোধনের আবেদন একত্রে দাখিল/অগ্রায়ণ না হওয়ায় সংশ্লিষ্ট মাদ্রাসার বিষয়ভিত্তিক পদ/পদবীর প্রাপ্যতা নির্ধারণ, নিয়োগ যাচাই, এমপিওভুক্তি ও অন্যান্য তথ্যাদি নিশ্চিতকরণপূর্বক আবেদন নিষ্পত্তিতে জটিলতার সৃষ্টি হয়। উল্লেখ্য, এনসিটিবি প্রণীত নতুন শিক্ষাক্রম বাস্তবায়নে প্রতিটি মাদ্রাসার শিক্ষকদের পদবী ও বিষয় নির্ধারণের প্রয়োজনীয়তা রয়েছে। ইতোপূর্বে অত্র অধিদপ্তরের ১৩/০১/২০২২ তারিখের ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৮-২২ নং স্মারকে মাদ্রাসা ভিত্তিক সকল শিক্ষক-কর্মচারীর পদবী ও বিষয় সংযোজন/সংশোধনের আবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছিল। কিন্তু মাত্র অল্প কিছু মাদ্রাসা থেকে আবেদন দাখিল করা হয়েছে। ফলে সকল মাদ্রাসার এমপিও শীটের পদবী ও বিষয় হালনাগাদ করা সম্ভবপর হচ্ছে না।

২। পদবী ও বিষয় সংশোধনের আবেদন সহজে নিষ্পত্তির লক্ষ্যে জনবল কাঠামো অনুযায়ী প্রাপ্যতা এবং শিক্ষা সনদের ভিত্তিতে পদবী ও বিষয় নির্ধারণপূর্বক মাদ্রাসার সকল শিক্ষক কর্মচারীর স্বাক্ষরযুক্ত সর্বশেষ এমপিও শীটের অনুরূপ কপি গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির রেজুলেশনে সুপারিশসহ প্রেরণ করতে হবে। উল্লেখ্য যে, পদবী ও বিষয় সংশোধনের আবেদন প্রেরণের ক্ষেত্রে সর্বশেষ এমপিও শীটের পদবী(কলাম-১) ও বিষয়(কলাম-৪) ব্যতিরেকে অন্যান্য কলাম অপরিবর্তিত রাখতে হবে।

৩। এমতাবস্থায়, এমপিওভুক্ত মাদ্রাসাসমূহের এমপিও শীটে শিক্ষক-কর্মচারীদের পদবী ও বিষয় সংযোজন/সংশোধনের নিমিত্ত সংশ্লিষ্ট পদ ও বিষয়ে পত্রিকার বিজ্ঞপ্তির কপি, নিয়োগ বোর্ডের সুপারিশ ও ফলাফল শীট, গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির অনুমোদন, নিয়োগ পত্র, যোগদান পত্র, পদবী ও বিষয় সংশ্লিষ্ট একাডেমিক ও পেশাগত সনদ, মাদ্রাসার হালনাগাদ শিক্ষক-কর্মচারীর তালিকা ও বেতন বিলের কপি, সংশোধন বিষয়ে গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির রেজুলেশন, প্রয়োজনীয় আনুষঙ্গিক কাগজপত্র/ডকুমেন্ট যথাযথ সত্যায়নপূর্বক এমপিও শীটের পদবী ও বিষয় বিহীন সকল শিক্ষক/কর্মচারীর সংযোজন/সংশোধনের আবেদন একত্রে জেলা শিক্ষা অফিসার/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের মাধ্যমে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করা হলো। মাদ্রাসা শিক্ষার স্বার্থে বিষয়টি অতীব জরুরী।

২৪-৯-২০২২

কে. এম. রুহুল আমীন

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

সভাপতি/অধ্যক্ষ/সুপার.....

সকল এমপিওভুক্ত মাদ্রাসা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৭.১০২/১(২৭০)

তারিখ: ৯ আশ্বিন ১৪২৯

২৪ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব মহোদয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২) অতিরিক্ত সচিব (মাদ্রাসা/প্রশাসন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৩) জেলা প্রশাসক....(সকল) আওতাধীন মাদ্রাসায় নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ।
- ৪) উপজেলা নির্বাহী অফিসার... (সকল) আওতাধীন মাদ্রাসায় নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ।

- ৫) জেলা শিক্ষা অফিসার.... (সকল)আওতাধীন মাদ্রাসায় নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ।।
- ৬) উপজেলা / থানা মাধ্যমিক শিক্ষা অফিসার.. (সকল)।আওতাধীন মাদ্রাসায় নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ।
- ৭) সকল কর্মকর্তা, মাশিঅ। উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নে তদন্ত প্রতিবেদন দ্রুত দাখিলের অনুরোধসহ।
- ৮) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী , মাশিঅ।



২৪-৯-২০২২

মাহফুজা ইয়াছমিন
সহকারী পরিচালক